মোল্লাহাট ও চিতলমারীতে বিশ্ব হাত ধোয়া দিবস পালিত

‘সকলের হাত পরিচ্ছন্ন থাক’ এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে বাগেরহাটের মোল্লাহাট বিশ্ব হাত ধোয়া দিবস পালিত হয়েছে। অর্থ মন্ত্রণালয়ের অধিন সোস্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশনের (এসডিএফ) সহযোগীতায় বেসরকারী উন্নয়ন সংস্থা সীমান্তিকের আয়োজনে দিবসটি উপলক্ষে মোল্লাহাটের দত্তডাঙ্গা এ.সি মাধ্যমিক একাডেমি প্রাঙ্গন থেকে একটি র্যালী বের হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিন শেষে পুনরায় বিদ্যালয়ের ফিরে আসে।

পরে বিদ্যালয় মিলানায়তনে অনুষ্ঠিত আলোচনা সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য দেন, দত্তডাঙ্গা এ.সি মাধ্যমিক একাডেমির প্রধান শিক্ষক অমিতোষ কুমার গাইন, সহকারী শিক্ষক আবু ইউসুফ, মনির হোসেন, সন্তোষ কুমার পাল, সীমান্তিকের জেলা পুষ্টি কর্মকর্তা সানজিনা আহম্মেদ, উপজেলা সম্বন্নয়কারী কাজী রাসেল, নিউট্রেশন অর্গানাইজার শিরিনা আক্তার, সুনন্দা রায়, নাজনিন সুলতানা, চম্পা আক্তার, শিক্ষার্থী দূর্জয় বিশ^◌াস, সন্দীপ বারুই, পূজা সমাদ্দার সবুজ বারুই, আইরিন ইসলাম প্রমুখ।

অন্যদিকে এদিন দুপুরে চিতলমারী উপজেলার গরিবপুর মাধ্যমিক বিদ্যালয়ে একইভাবে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। এই অনুষ্ঠানে গরিবপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক কিশোর কুমার বালা, সীমান্তিকের চপলা মন্ডলসহ স্থানীয়রা বক্তৃতা করেন।

দিবসটি উপলক্ষে শিক্ষার্থীদের হাত ধোয়া প্রদর্শনী, বিশ্ব হাত ধোয়া দিবসের উপর উপস্থিত বক্তৃতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী ও সুশিল সমাজের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।